"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা"

মুজিব বর্ষের ঘোষণা
উন্নত হজ ব্যবস্থাপনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ওমরাহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

নং-১৬.০০.০০০০.০২২.৩৪.০০২.২১-২২০

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৮ / ২৮ নভেম্বর ২০২১

বিষয়: **১৪৪৩ হিজরি (২০২১ ও ২০২২ খ্রি.) সনের অনুমোদিত ওমরাহ এজেন্সির তালিকা প্রকাশ (৩য় পর্যায়)।**

১৪৪৩ হিজরি (২০২১ ও ২০২২ খ্রি.) সনে ওমরাহ কার্যক্রমে অংশগ্রহণের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত নিম্নবর্ণিত **০৪ (চার)টি** টি ওমরাহ এজেন্সিকে **(৩য় পর্যায়)** বর্ণিত শর্তসাপেক্ষে ওমরাহযাত্রী প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

| ক্র. নং | ওমরাহ লাইসেন্স নং | ওমরাহ এজেন্সির নাম |
|---|---|---|
| ১. | **227** | Haque Travel Service Ltd. 66/A, Nayapaltan (2nd floor), VIP Road (Opposite Side of Paltan Thana), Dhaka-1000. |
| ২. | **232** | Zam Zam International, Sattara Center (15th Floor), 30/A, Nayapaltan, VIP Road, Dhaka-1000 |
| ৩. | **275** | World Tour International 126, Motijheel, C/A, Dhaka-1000. |
| ৪. | **466** | Labib Hajj Overseas, Ahmed Mansion (3rd Floor, West Side), 46, Kazi Nazrul Islam Avenue, Kawran Bazar C/A, Tejgaon, Dhaka-1215. |

০২। শর্তাবলী:

(ক) যথাসময়ে ওমরাহযাত্রী প্রেরণ, তাঁদেরকে যথাযথ সেবা প্রদান এবং যথাসময়ে দেশে ফেরত আনতে হবে। ১৫ শাওয়াল ১৪৪৩ হিজরি এর মধ্যে প্রেরিত ওমরাহযাত্রী সৌদি আরবে গমন এবং বাংলাদেশে ফেরত আসার বিস্তারিত প্রতিবেদন পরিচালক, হজ অফিস, ঢাকা বরাবর দাখিল করতে হবে। অন্যথায়, সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সি পরবর্তী বছরের জন্য বৈধ তালিকায় অন্তর্ভুক্তির অযোগ্য বলে বিবেচিত হবে এবং হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন-২০২১ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

(খ) অনুমোদিত বৈধ এজেন্সি সরকার অনুমোদিত নির্ধারিত কোটার অতিরিক্ত ওমরাহযাত্রী প্রেরণ করতে পারবে না; অন্যথায় সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সি পরবর্তী বছরের জন্য বৈধ তালিকায় অন্তর্ভুক্তির অযোগ্য বলে বিবেচিত হবে এবং হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন-২০২১ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

(গ) কোন ওমরাহযাত্রী যথাসময়ে দেশে ফেরত না এলে সংশ্লিষ্ট ওমরাহযাত্রীর দেশে ফেরার নির্ধারিত তারিখের ১ মাসের মধ্যেই নাম, ঠিকানা, পাসপোর্ট নম্বর এবং ফেরত না আসার বিস্তারিত কারণ প্রযোজ্য ক্ষেত্রে (প্রমাণকসহ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, পরিচালক, হজ অফিস,আশকোনা, ঢাকা এবং কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব বরাবর দাখিল করতে হবে। অন্যথায়, সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সি পরবর্তী বছরের জন্য বৈধ তালিকায় অন্তর্ভুক্তির অযোগ্য বলে বিবেচিত হবে এবং হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন-২০২১ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঘ) ওমরাহযাত্রীদের জন্য সৌদি আরবে ব্যয়িত সকল প্রকার অর্থ এজেন্সির নিজস্ব ব্যাংক হিসাব হতে **IBAN** এর মাধ্যমে প্রেরণ করতে হবে এবং **IBAN** একাউন্ট নম্বর ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। অন্যথায়, কোনো ওমরাহ এজেন্সিকে পরবর্তী বছরে ওমরাহ কার্যক্রমের জন্য অনুমতি দেয়া হবে না;

(ঙ) ওমরাহ এজেন্সি কর্তৃক ওমরাহ প্রসেসিং ফি ও প্রদেয় সকল সেবার নির্ধারিত ব্যয় উল্লেখপূর্বক বিভিন্ন ক্যাটাগরির ওমরাহ প্যাকেজ ঘোষণা করবে এবং এর কপি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও হজ অফিস, ঢাকায় প্রেরণ নিশ্চিত করবে। প্যাকেজ ঘোষণা না করলে কোনো ওমরাহ এজেন্সিকে ওমরাহযাত্রী প্রেরণের অনুমতি দেয়া হবে না;

(চ) কোন ওমরাহ এজেন্সির প্রদত্ত তথ্য ভুল বা অসত্য প্রমাণিত হলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট এজেন্সির তালিকা বাতিলের অধিকার সংরক্ষণ করে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ওমরাহ এজেন্সির (৩য় পর্যায়) তালিকা প্রকাশ করা হলো।

২৮.১১.২০২১

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব
ফোন: ৯৫৪৬৫৯০
e-mail:morahajsection@gmail.com

নং-১৬.০০.০০০০.০২২.৩৪.০০২.২১-২২০

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৮
২৮ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, বা/এ, ঢাকা।
৬. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৮. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান-২, ঢাকা।
৯. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা (পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
১০. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব (পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
১১. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট,.......................................................................ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৩. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তালিকাটি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mora.gov.bd তে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৪. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা (সংশ্লিষ্ট সকল এজেন্সীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
১৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা (তালিকাটি হজের ওয়েবসাইট www.hajj.gov.bd তে প্রকাশের অনুরোধসহ)।
১৬. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার ................................................................. এজেন্সি।
১৭. অফিস কপি।

২৮.১১.২০২১

আবুল কাশেম মুহাম্মদ শাহীন

উপসচিব